

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭২৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ আমরা যা উল্লেখ করলাম, তার বিশুদ্ধতা প্রমাণে তৃতীয় হাদীস

ذِكْنُ خَبَرٍ ثَالِثِ يُصَرِّحُ بِصِحَّةِ مَا ذَكَرْنَاهُ

আরবী

1727 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ أَخْبَرَنَا وَكِيعٌ حَدَّثَنَا إِسْرَائِيلُ عَنْ سِمَاكِ بْنِ حَرْبٍ عَنْ إِبْرَاهِيمَ عَنْ عَلْقَمَةَ وَالْأَسْوَدِ عَنْ عَبْدِ اللَّهِ قَالَ: حَدَّثَنَا إِسْرَائِيلُ عَنْ سِمَاكِ بْنِ حَرْبٍ عَنْ إِبْرَاهِيمَ عَنْ عَلْقَمَةَ وَالْأَسْوَدِ عَنْ عَبْدِ اللَّهِ قَالَ: قَالَ رَجُلُّ: يَا رَسُولَ اللَّهِ إِنَّي لَقِيتُ امْرَأَةً فِي الْبُسْتَانِ فَضَمَمْتُهَا إِلَيَّ وقبَّلتها وَبَاشَرْتُهَا وَفَعَلْتُ بِهَا كُلَّ شَيْءٍ إِلَّا أَنِي لَمْ أُجامِعها فَسَكَتَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فأنزل الله جلا وَعَلا: {أَقِمِ الصَّلَاةَ طَرَفَي النَّهَارِ وَزُلَقًا مِنَ اللَّيْلِ إِنَّ الْحَسَنَاتِ يُذْهِبْنَ السَّيِّبَاتِ الله جلا وَعَلا: {أَقِمِ الصَّلَاةَ طَرَفَي النَّهَارِ وَزُلَقًا مِنَ اللَّيْلِ إِنَّ الْحَسَنَاتِ يُذْهِبْنَ السَّيِّبَاتِ الله جلا وَعَلا: {لَّةِ مِ الصَّلَاةَ طَرَفَي النَّهَارِ وَزُلُقًا مِنَ اللَّيْلِ إِنَّ الْحَسَنَاتِ يُذْهِبْنَ السَّيِّبَاتِ الله جلا وَعَلا: {لَا الله وَلَا الله وَلُولُ اللّه وَلَا الله وَلَا الله عَلَيْهِ وَسَلَّمَ فَقَرَأَهَا عَلَيْهِ وَسَلَّمَ فَقَرَأَهَا كَنُ مَنُ اللّه عَلَيْهِ وَسَلَّمَ فَقَرَأَهَا لَقُهُ عَلَيْهِ وَسَلَّمَ وَسَلَّمَ وَلَا لَله عَلَيْهِ وَسَلَّمَ وَسَلَّمَ: (بَلْ لَالله صَلَى اللّه عَلَيْهِ وَسَلَّمَ: (بَلْ لَلنَّاسَ كَافَة)

الراوي: ابْن مَسْعُودٍ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1727 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الإرواء)) (2353).

বাংলা

১৭২৭. আব্দুল্লাহ বিন মাস'উদ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "এক ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলেন, "বাগানে এক নারীর সাথে আমার সাক্ষাৎ হয় অতঃপর আমি তাকে জড়িয়ে ধরি, তাকে চুম্বন করি, তাকে স্পর্শ করি অতঃপর তার সাথে সহবাস ব্যতীত সবকিছু করি।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এই সময় নীরব থাকেন। অতঃপর এই আয়াত নাঘিল হয়: أَقِمِ الصَّلاَةُ طَرَفَيِ النَّهَارِ وَزُلُقًا مِنَ اللَّيْلِ ("সালাত প্রতিষ্ঠা করুন দিনের দু প্রান্তে এবং রাতের প্রথমাংশে। নিশ্চয়ই পুণ্যসমূহ মন্দকর্মকে মিটিয়ে দেয়। এটি স্মরণকারীদের জন্য উপদেশ।" – সূরা হুদ: ১১৪)



অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে ডেকে পাঠান এবং তাকে আয়াতটি পড়ে শুনান। তখন উমার রাদিয়াল্লাহু আনহু বলেন, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, এই বিধান কি তার জন্য খাস?" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "বরং এটি সব মানুষের জন্য প্রযোজ্য।"[1]

ফুটনোট

[1] আত তায়ালিসী: ২৮৫; সহীহ মুসলিম: ২৭৬৩; আবৃ দাউদ: ৪৪৬৮; তিরমিযী: ৩১১২; সুনান বাইহাকী: ৮/২৪১; তাবারানী: ১০৪৮২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল : ২৩৫৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন